




দ্বিতীয় পর্যায়

# প্রবহমান বাংলাচর্চা

বসিরহাট কলেজের বাংলা বিভাগ ও আইকিউএসি এবং  
প্রবহমান বাংলাচর্চার যৌথ উদ্যোগে আয়োজিত  
একদিবসীয় আনুষ্ঠানিক আলোচনাচক্রে উপস্থাপিত পূর্ণাঙ্গ প্রবন্ধ সংকলন



# প্রবহমান বাংলাচর্চা ৬

নির্বাচিত গবেষণাধর্মী প্রবন্ধ সংকলন

(দ্বিতীয় পর্যায়)

বাংলাচর্চার সপ্তম আন্তর্জাতিক আলোচনাচক্রে উপস্থাপিত  
বিশেষজ্ঞ শংসায়িত নিবন্ধাবলি

সম্পাদনা

সনৎকুমার নস্কর

সম্পাদনা সহযোগী

সুধাংশুকুমার সরকার

ধনেশ্বর দাস

প্রণব নস্কর

দেবায়ন চৌধুরী

লালটু মাইতি

অনিমেষ নস্কর

আশিষ রায়

বিশেষ সহায়তা

রাজকুমার দাস

অদীপ কুমার ঘোষ

সোমা পাল চাকী

সুজয়কৃষ্ণ চক্রবর্তী

সাবির মণ্ডল

জহর আলি মণ্ডল

বিদিশা ঘোষ

সঞ্জয় হালদার

কৌশিক পণ্ডা

অপ্বেষা সরকার

বিশেষজ্ঞ কমিটি

বরুণকুমার চক্রবর্তী

পিনাকেশ সরকার

সত্যবতী গিরি

দীপক কুমার রায়

মীর রেজাউল করিম

তপন মণ্ডল

বারুইপুর

কলকাতা - ৭০০১৪৪

# PRABAHAMAN BANGLACHARCHA 6

## (Second Phase)

A Collection of Peer-Reviewed Research Articles  
presented in the Seventh International Seminar at  
Basirhat College, North 24 Parganas.

First Imprint : 24th December, 2022

ISBN : 978-93-5777-181-8

© PRABAHAMAN BANGLACHARCHA

Rs. 750/-

Published by 'Prabahaman Banglacharcha'

Beharapara, Baruipur, Kolkatta - 700144

Website : kolpbc@blogspot.com

E-Mail : kolpbc@gmail.com

## প্রবহমান বাংলাচর্চা ৬

### (দ্বিতীয় পর্যায়)

নির্বাচিত গবেষণাধর্মী প্রবন্ধ সংকলন

বসিরহাট কলেজ, উত্তর ২৪ পরগনা-তে আয়োজিত

'প্রবহমান বাংলাচর্চা'র সপ্তম আন্তর্জাতিক আলোচনাচক্রে উপস্থাপিত

বিশেষজ্ঞ শংসায়িত নিবন্ধাবলি

প্রথম প্রকাশ : ২৪ ডিসেম্বর, ২০২২

গ্রন্থস্বত্ব : প্রবহমান বাংলাচর্চা

মুদ্রণ : আলফাবিটা ইম্প্রেশন

মহেশতলা, কল - ১৪২

মূল্য : ৭৫০ টাকা মাত্র

প্রাবন্ধিক সুধীর করণ : বিষয় বৈচিত্র্যে এক অনন্যমাত্রার অধিকারী  
পীয়ুষ সরকার ৪৯০

শিশু মনস্তত্ত্বের আলোকে দক্ষিণ ২৪ পরগনার বিবিধ সংকলন :  
একটি বিশ্লেষণাত্মক পর্যালোচনা

পূজা বর্মন ৫০৪

পাল রাজত্বে বঙ্গদেশের সমাজ ও সাহিত্য

প্রকাশ চন্দ্র সরদার ৫১৪

নির্বাচিত ত্রয়ী বৈষ্ণব আখ্যায়িকার স্বরূপ সন্ধান

বিভাষ নায়েক ৫২০

স্বাধীনতা, দেশভাগ, উদ্বাস্তু, পুনর্বাসন ও শিক্ষা— একটু ফিরে দেখা

বিভাস বিশ্বাস ৫২৯

দেশভাগের প্রেক্ষিত ও দেবদাসের জীবনপ্রভাত

মধুপর্ণা মুখার্জি ৫৩৭

তিলকের স্বরাজ্য এবং জাতীয় জাগরণ সম্পর্কিত ধারণা

মহঃ আমিরুল ইসলাম ৫৪৪

মানবসেবায় রামকৃষ্ণ মিশন :

দেশভাগের ৭৫ বছরে পশ্চিমবঙ্গের প্রেক্ষাপটে একটি আলোচনা

রাজেশ বিশ্বাস ৫৫২

দেশভাগ ও মরিচবাঁপি দ্বীপের দলিত উদ্বাস্তুদের ইতিহাস

রাহুল থাণ্ডার ৫৫৯

শিশু-কিশোর সাহিত্যিক বিমল ঘোষ (মৌমাছি) : একটি বিশ্লেষণাত্মক অধ্যয়ন

রাহুল বর ৫৭০

হাংরি জেনারেশন আন্দোলন ও দেশভাগ প্রসঙ্গ

রিজা সরদার ৫৭৮

বাংলা সাহিত্যে মেয়েদের গোয়েন্দাগিরির সেকাল ও একাল

রিমা দাস ৫৮৬

ভ্রমণ সাহিত্য সৃজনে বঙ্গনারীদের অবদান

শিপ্রা সাঁফুই ৫৯৪

জাতীয় আন্দোলনে দেশাত্মবোধক সঙ্গীত

শ্রাবণী সেন ৬০২

দেশভাগ, উদ্বাস্তু সমস্যা ও মতুয়া আন্দোলন— একটি আন্তঃসম্পর্কের সমীক্ষা

সঙ্গীতা ব্যানার্জী ৬০৯

'গসপেল ম্যাগাজিন ও বাংলা গদ্য-রীতি'

সঞ্জয় প্রামাণিক ৬১৬

## দেশভাগের প্রেক্ষিত ও দেবদাসের জীবনপ্রভাত মধুপর্ণা মুখার্জি

এক দম্পতি সন্তানের জন্মের প্রতীক্ষায় আকুল। কিন্তু সন্তান ধারণে ব্যর্থ হতে হতে এক সময় তারা দত্তক নেওয়া স্থির করলেন। কোল আলো করা সন্তান এল ঘরে। কল্পনা-আনন্দ-উচ্ছ্বাসে সেই শিশুর দিকে তাকিয়ে হৃদয়-মন্দির যখন পরিপূর্ণ, জানা গেল শিশুটি জড়বুদ্ধি। তখন তাদের স্বপ্ন যেমন করে চূর্ণ হতে পারে, স্তব্ধ হতে পারে, হতাশায় আক্ষেপে ঘুলিয়ে উঠতে পারে, যেন মনে হয় দেশভাগ-এর পরের সংকট কিছুটা তেমনই। বহু আকাঙ্ক্ষিত স্বাধীনতা এল। তবে পশুভাবে এল। যারা বিস্তর জল্পনায় দিনযাপন করছিলেন, খাতায়-কলমে বাস্তব তার থেকে সম্পূর্ণ অন্য খাতে বইতে শুরু করল। পরিস্থিতি সামাল দেওয়াও যখন সাধ্যের বাইরে চলে গেল, জন ও জীবনে তার একটি চিরস্থায়ী প্রভাব পড়তে শুরু করে। ওপার বাংলার কোনো সম্পন্ন গৃহস্থ হয়তো এপার বাংলায় 'দেশভিখারি' হয়ে ঢুকে প্রকৃতই ভিখারি হয়ে পড়েছেন কিংবা লড়াকু মেজাজে বুঝে নিচ্ছেন একখণ্ড জমি। হয়তো কোনো জমিদারের কোনো বাগানবাড়ির তলা ভেঙে, দারোয়ানকে যথেষ্ট মারধোর করে একাধিক পরিবার মিলে জবরদখলের খেলায় নেমে পড়ছেন; নেমে পড়তে বাধ্য হচ্ছেন। কেউ-বা যা ফেলে আসতে হয়েছে, তার পরিপূরক সম্পত্তি বুঝে নিতে ভিন্ন ধর্মের মানুষকে বিতাড়িত করতে বাধ্য করছেন তার ভিটে থেকে। এইসময় যেন নতুন করে জন্ম হচ্ছে শ্রেণির আর তার থেকে শ্রেণিচেতনার। কারণ সিনেমা হল থেকে ভিটেবাড়ি কিংবা জমির অদলবদল করে যাঁরা দেশ-পারা পার করেছিলেন, তাঁরা মোটামুটি সম্পন্ন অবস্থাতেই থাকতে পারলেন। যদিও জলঘেরা সেই ভূখণ্ডের পরিবেশ আর এপার বাংলার পরিবেশ এক নয়। তবু সান্ত্বনা দেওয়া কিছু শব্দের আশ্রয় এই শ্রেণির জন্য পাওয়া যায়। আমরা মুক হয়ে যাই তাদের জন্য, যারা দাগার ভয়ে রাতরাতি ভিটেমাটি ছেড়ে এসেছেন একবস্ত্রে। যারা ন্যূনতম অস্থাবর সম্পত্তি আনতে গিয়ে লুঠপাটের শিকার হয়ে শরীরে-মনে নিঃস্ব হয়েছেন।

কারা দ্বীপান্তরে গেলেন, কারা সরকারি ক্যাম্পের অব্যবস্থা থেকে মুক্ত হতে, অস্তিত্ব টিকিয়ে রাখবার ব্যর্থ প্রয়াস চালিয়ে শেষে আবারও নাম ভাঁড়িয়ে পেছায় ধরা দিলেন সেই ক্যাম্পেই, এটা জেনে যে মজুত রাখা পচা চালের ভাত আর নিকশির চূড়ান্ত অব্যবস্থায় তাদের ভবিষ্যতকে সঁপে দেওয়া ছাড়া গত্যন্তর নেই। মৃত্যু আর জন্মের পাকচক্র তবুও সেই ক্যাম্পগুলোতে কিংবা